

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ আষাঢ় ১৪১৯ বঙ্গাব্দ/২৭ জুন ২০১২ খ্রিস্টাব্দ

এস,আর,ও      নং      ২২৩-আইন/আয়কর/২০১২।- Income-tax  
Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44  
এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ২০  
আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৮ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,  
আর, ও নং ২২৯-আইন/আয়কর/২০১১ এর তফসিল-খ নিম্নরূপ সংশোধন করিল,  
যথা:-

- (ক) দফা (১৯) এর প্রান্তঃস্থিত “এবং” শব্দটি বিলুপ্ত হইবে; এবং  
(খ) দফা (২০) বিলুপ্ত হইবে এবং অতঃপর নিম্নরূপ নৃতন দুইটি দফা (২১) ও  
(২২) সংযোজিত হইবে, যথা:-

“(২১) এইচআইডি, এইডস বা মাদকাসক্ত ব্যক্তিদের চিকিৎসা, সচেতনতা বৃদ্ধি  
ও পুনর্বাসন কেন্দ্র পরিচালনায় নিয়োজিত অলাভজনক বেসরকারী  
স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠান বা সংস্থায় প্রদত্ত অনুদান;  
এবং

(২২) বিদেশে পাচার হইতে উদ্ধারকৃত শিশু ও নারীদের পুনর্বাসন কেন্দ্র  
পরিচালনায় নিয়োজিত অলাভজনক বেসরকারী স্বেচ্ছাসেবী  
সমাজকল্যাণ মূলক প্রতিষ্ঠান বা সংস্থায় প্রদত্ত অনুদান।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(সৈয়দ মোঃ আমিনুল করিম)

অতিরিক্ত সচিব

(পদাধিকারবলে)